



জুলাই সনদ বাস্তবায়নে কোন আইনি বাধা নেই: অ্যাটর্নি জেনারেল



সংগৃহীত ছবি

অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান বলেছেন, জুলাই সনদ বাস্তবায়নে আইনগত কোনো বাধা নেই। জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশ অনুযায়ী এটি কার্যকর হবে। তিনি আরও জানান, যারা প্রশাসনে থেকে বড় অপরাধে জড়িত ছিলেন না, তারা চাকরিতে বহাল থাকবেন, তবে অপরাধীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান শুক্রবার (৩ অক্টোবর) বিনাইদহের জোহান ড্রিম ভ্যালি পার্ক মিলনায়তনে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে বলেন, জুলাই সনদ বাস্তবায়নে কোনো আইনগত জটিলতা নেই। এটি জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশের আলোকে বাস্তবায়ন করা হবে।

তিনি আরও উল্লেখ করেন, আওয়ামী লীগের শাসনামলে সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো অকার্যকর অবস্থায় ছিল। তবে, প্রশাসনের যারা দায়িত্ব পালনের সময় বড় কোনো অপরাধে জড়িত ছিলেন না, তারা আগামীতেও দেশের স্বার্থে চাকরিতে বহাল থাকবেন। অন্যদিকে, যারা রাজনৈতিক নির্দেশে অপরাধে যুক্ত ছিলেন, তাদের বিরুদ্ধে অপরাধের গুরুত্ব অনুযায়ী আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

এর আগে ঢাকাস্থ বিনাইদহ সাংবাদিক ফোরামের আয়োজনে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল। সঞ্চালনায় ছিলেন প্রেসক্লাবের সহ সভাপতি আসিফ ইকবাল মাখন ও সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন।

অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ, ঢাকাস্থ বিনাইদহ সাংবাদিক সমিতির সভাপতি মেহেদী হাসান পলাশ, সাধারণ সম্পাদক শাহনাজ বেগম পলি, সাংগঠনিক সম্পাদক শাহনেওয়াজ খান সুমন, বিনাইদহ চেম্বার অব কমার্সের সভাপতি মো. মোয়াজ্জেম হোসেন এবং জেলা দোকান মালিক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশাসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান শুক্রবার (৩ অক্টোবর) বিনাইদহের জোহান ড্রিম ভ্যালি পার্ক মিলনায়তনে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে বলেন, জুলাই সনদ বাস্তবায়নে কোনো আইনগত জটিলতা নেই। এটি জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশের আলোকে বাস্তবায়ন করা হবে।

তিনি আরও উল্লেখ করেন, আওয়ামী লীগের শাসনামলে সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো অকার্যকর অবস্থায় ছিল। তবে, প্রশাসনের যারা দায়িত্ব পালনের সময় বড় কোনো অপরাধে জড়িত ছিলেন না, তারা আগামীতেও দেশের স্বার্থে চাকরিতে বহাল থাকবেন। অন্যদিকে, যারা রাজনৈতিক নির্দেশে অপরাধে যুক্ত ছিলেন, তাদের বিরুদ্ধে অপরাধের গুরুত্ব অনুযায়ী আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

এর আগে ঢাকাস্থ বিনাইদহ সাংবাদিক ফোরামের আয়োজনে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল। সঞ্চালনায় ছিলেন প্রেসক্লাবের সহ সভাপতি আসিফ ইকবাল মাখন ও সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন।

অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ, ঢাকাস্থ বিনাইদহ সাংবাদিক সমিতির সভাপতি মেহেদী হাসান পলাশ, সাধারণ সম্পাদক শাহনাজ বেগম পলি, সাংগঠনিক সম্পাদক শাহনেওয়াজ খান সুমন, বিনাইদহ চেম্বার অব কমার্সের সভাপতি মো. মোয়াজ্জেম হোসেন এবং জেলা দোকান মালিক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশাসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।